DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 14 Sep 2026, 02:46 PM

আন্তর্জাতিক

# ৩৪ মাসে গাজায় বাবা-মা হারিয়েছে ৬০ হাজারের বেশি শিশু

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: শনিবার, ১২ সেপ্টেম্বর ২০২৬, ০৯:২৭ PM



ইসরাইলের আগ্রাসন শুরু হওয়ার পর থেকে গাজা উপত্যকায় ৬০ হাজারের বেশি শিশু অন্তত একজন অভিভাবককে হারিয়েছে। দুঃখজনক এ তথ্য দিয়েছে গাজার স্বাস্থ্য মন্ত্রণালয়।

তাদের এক প্রতিবেদনে বলা হয়েছে, মোট ৬০ হাজার ৭৩৭ শিশু বাবা অথবা মাকে হারিয়েছে। এর মধ্যে ৫২ হাজার ৯৫ জন শিশু তাদের বাবাকে, ৫ হাজার ৯২৯ জন তাদের মাকে এবং ২ হাজার ৭১৩ জন শিশু উভয় অভিভাবককেই হারিয়েছে।

গাজার স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, ২ হাজার ২৭৬টি পরিবার, যাদের সদস্য সংখ্যা ৮ হাজার ৮৫৮ জনের মতো, তাদের নাম গাজার সরকারি নথি থেকে সম্পূর্ণভাবে মুছে গেছে।

মন্ত্রণালয়ের দাবি, ২০২৩ সালের অক্টোবর থেকে চলমান ইসরাইলি অভিযানে এখন পর্যন্ত ৭৩ হাজারের বেশি ফিলিস্তিনি নিহত হয়েছেন।

প্রতিবেদনে বলা হয়েছে, অক্টোবরে একটি যুদ্ধবিরতি কার্যকর হওয়ার পরও গাজাজুড়ে ইসরাইলি হামলা অব্যাহত রয়েছে। যুদ্ধবিরতি ঘোষণার পর থেকে এসব হামলায় ১ হাজার ১০০ জনের বেশি মানুষ নিহত হয়েছেন।

---

## এ বিভাগের আরও খবর



**রাশিয়া-ইউক্রেন যুদ্ধে এ পর্যন্ত ৫ লাখ রাশিয়ার নাগরিক নিহত হয়েছে: যুক্তরাজ্যের সেনাপ্রধান**

রাশিয়া-ইউক্রেন যুদ্ধের শুরু থেকে এ পর্যন্ত প্রায় সাড়ে চার বছরে রুশ শিবিরে নিহত হয়েছেন প্রায় ৫ লাখ মানুষ। এই নিহতদের মধ্যে সামরিক ও বেসামরিক...



**মধ্যপ্রাচ্যে উত্তেজনায় তেলের দাম ছাড়াল ১০৭ ডলার**

মধ্যপ্রাচ্যে চলমান উত্তেজনার প্রভাবে আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম আবারও বেড়েছে। সোমবার আন্তর্জাতিক মানদণ্ড ব্রেন্ট ক্রুডের দাম ব্য...



**মধ্যপ্রাচ্যে আগ্রাসন ও একতরফা শুল্ক আরোপে নিন্দা ব্রিকসের নেতাদের**

জাতিসংঘ নিরাপত্তা পরিষদের (ইউএনএসসি) কাঠামোগত পরিবর্তন-সহ বহুপক্ষীয় সংস্থাগুলোর সংস্কারের জোর দাবি জানিয়েছেন ব্রিকসের শীর্ষ নেতারা। পাশাপা...



### ২৪০ যাত্রী নিয়ে জাভা সাগরে নিখোঁজ জাহাজ

ইন্দোনেশিয়ার পূর্ব জাভা থেকে বোর্নিও দ্বীপের দক্ষিণ কালিমন্তানের পথে ২৪০ যাত্রী নিয়ে একটি যাত্রীবাহী জাহাজের যোগাযোগ বিচ্ছিন্ন হয়েছে। রবিবার...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/international/34-mase-gajay-baba-ma-hariyechhe-60-hajarer-beshi-shishu